গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা

স্মারক নং-৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.২০১৯- ৫৮০,

তারিখ ঃ ২৮ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি সরাসরি প্রশাসন-৩ শাখায় এবং সফটকপি (Nikosh Unicode Font) ই-মেইল যোগে (**admin3@mhapsd.gov.bd**) আগামী ১৭ নভেম্বর/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ...............পাতা।

১৩/১১/১৯
(মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।

৩। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।

৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা।

৫। অতিরিক্ত সচিব.......................................... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ধানমন্ডি, ঢাকা।

৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার তেজগাঁও, ঢাকা।

৮। যুগ্মসচিব..................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৯। উপসচিব..................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১০। উপ-প্রধান (পরিকল্পনা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১১। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান........................ (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১২। সহকারী সচিব ..........................................................সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল,জননিরাপত্তা বিভাগ, (সভার কার্যপত্র পাওয়ার পয়েন্টে প্রস্তুতপূর্বক উপস্থাপন ও সভার নোটিশ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি ঃ
সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

## জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ৩০ অক্টোবর/ ২০১৯ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত), অতিরিক্ত সচিব (উন্নয়ন), অতিরিক্ত সচিব (আইন ও শৃংখলা), অতিরিক্ত সচিব (সীমান্ত অধিশাখা), অতিরিক্ত সচিব (পুলিশ-২), সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখার কর্মকর্তা এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগণের প্রতিনিধিদের উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা :

সভাপতি ডিপিপি-তে ব্যয় প্রাক্কলন যথাযথভাবে হচ্ছে কি না তা খতিয়ে দেখার আহ্বান জানান। পদ সৃজন বিষয়ে কোথায় কতটি পদ সৃজন করতে হবে সেই বিষয়ে এখনই পরিকল্পনা গ্রহণ এবং যথাযথ ব্যবস্থা নিতে বলেন। এছাড়া চাঞ্চল্যকর মামলা ও ঘটনাসমূহ মনিটরিং ও তাৎক্ষণিক প্রতিবেদন সংগ্রহের তাগিদ দেন।

২.১ অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদের শুভেচ্ছা ও আন্তরিক ধন্যবাদ প্রদান করেন এবং দেশের জন্য কাজ করে যেতে বলেন।

৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ৩.১ প্রকল্প প্রণয়নের সময় ডিপিপি-তে ব্যয় প্রাক্কলন যথাযথভাবে করতে হবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল)/উন্নয়ন অনুবিভাগ |
| ৩.২ আওতাধীন অধিদপ্তরসমূহে কোথায় কি কি পদ সৃজন করতে হবে, তার তালিকা প্রস্তুত এবং পদ সৃজন সংক্রান্ত প্রস্তাব কোথায় পেন্ডিং আছে তার উপস্থাপন করতে হবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৩.৩ প্রত্যেক অধিদপ্তরের পেন্ডিং তালিকার বিপরীতে বিষয়ের শিরোনাম উল্লেখ করতে হবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল)/ অনুবিভাগ (সকল) |
| ৩.৪ জননিরাপত্তা বিভাগ হতে আওতাধীন অধিদপ্তরসমূহে প্রেরিত অভিযোগসমূহ (বিগত (০১) এক বছরের) কি ব্যবস্থা নেওয়া হয়েছে তার প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল)/ আইন ও শৃংখলা অনুবিভাগ |
| ৩.৫ চাঞ্চল্যকর মামলা ও ঘটনাসমূহ মনিটরিং এর জন্য গঠিত কমিটির নিয়মিত সভা করে বিষয়গুলো তদারকি করতে হবে। এ ধরনের চাঞ্চল্যকর ঘটনা ঘটার সাথে সাথে সংশ্লিষ্ট পুলিশ সুপার হতে তাৎক্ষণিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ/ আইন ও শৃংখলা অনুবিভাগ |

৪.০ বিগত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় প্রধানমন্ত্রী কবে কোথায় কি প্রতিশ্রুতি প্রদান করেছেন তার উপর্যুক্ত দাপ্তরিক রেকর্ডসহ প্রতিবেদন প্রশাসন ৩-শাখায় প্রেরণ করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশুতিতে নতুন অন্তর্ভূক্তির কোন প্রস্তাব পাওয়া যায়নি। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান (সকল) |
| ৪.২ | অর্থ বছরের শুরুতে বার্ষিক ক্রয়পরিকল্পনা প্রণয়ন পূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে। এ ক্ষেত্রে প্রত্যেক দপ্তর সংস্থায় সংশ্লিষ্ট সকল ইউনিটের Annual procurement plan তৈরী করতে হবে। | প্রতি অর্থ বছরের শুরুতে বার্ষিক ক্রয়পরিকল্পনা (APP) প্রণনয়ন করা হয় এবং তা অধিদপ্তর প্রধান কর্তৃক অনুমোদন সাপেক্ষে ক্রয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>টেন্ডার বাছাই/মূল্যায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে ক্রয় সংক্রান্ত বিভিন্ন কমিটিতে মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা হচ্ছে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল) |
| ৪.৩ | অধিদপ্তরসমূহ ই-নথির মাধ্যমে ব্যক্তিগত ছুটির প্রস্তাব প্রেরণ উৎসাহিত করবে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীল আনায়নের লক্ষ্যে কর্মকর্তাগণের নিজ মোবাইলে ই নথি-Software install আপডেট করাসহ বেতনবিল অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করবে। | বাংলাদেশ পুলিশের ই-নথি কার্যক্রম চালু করণের লক্ষ্যে এটু-আই এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সাথে কারিগরি কার্যক্রম সম্পন্নের কাজ বর্তমানে চলমান রয়েছে। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ডিজিটাল কোড নম্বর সংশোধনপূর্বক পুলিশ অধিদপ্তর হতে বই প্রকাশ করতঃ পুলিশের সকল ইউনিটে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ইতোমধ্যে পুলিশ অধিদপ্তর ই-ফাইলিং কার্যক্রমের উপর ২টি ব্যাচে ২৭টি শাখার কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ ই-ফাইলিং এর মাধ্যমে কার্যক্রম শুরু করেছেন। পুলিশ অধিদপ্তর আরো ১৩টি ব্যাচে ই-ফাইলিং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>পুলিশ অধিদপ্তর কর্মরত সকল কর্মকর্তা বেতন বিল অনলাইনে দাখিল করে আসছেন। এছাড়া বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে কর্মরত কর্মকর্তাগণকে অনলাইনে বেতনবিল দাখিলের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | অধিদপ্তর /(সকল)সংস্থা/ আইসিটি শাখা। এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৪.৪ | জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের মোট টেন্ডারের তুলনায় ই-টেন্ডারের সংখ্যা নগণ্য হওয়ার বিষয়টি সভায় আলোচিত হয়। এক্ষেত্রে শতভাগ ই-টেন্ডার কার্যক্রম কেন গ্রহণ করা যাচ্ছে না সে বিষয়ে স্ব-স্ব দপ্তর প্রধান প্রতিনিধিগণ পরবর্তী সভায় বিস্তারিত উপস্থাপন করবেন। | জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ই-টেন্ডারের কার্যক্রম (**পরিশিষ্ট-ক**) এ দেখানো হলো।<br>পুলিশ অধিদপ্তর<br>পুলিশ অধিদপ্তর ই-টেন্ডার কার্যক্রম পুরোপুরি চালু রয়েছে। এছাড়াও নিম্নোক্ত কারণে পুলিশ বিভাগের অন্যান্য জেলা/ইউনিটে পুরোপুরিভাবে ই-টেন্ডার কার্যক্রম চালু করা সম্ভব হয়নি।<br>১. বাংলাদেশ পুলিশের জেলাসমূহের অনেক জেলায় সীমিত পুঁজিতে টেন্ডার কাজ নেয়, তাই তারা সিপিটিইউ-তে নিবন্ধিত হয় না। ফলে ই-জিপি পদ্ধতিতে অনেক জেলায় টেন্ডার কার্যক্রম পরিচালিত হয় না।<br>২. পুলিশ অধিদপ্তর, ডিএমপি, ঢাকাসহ কিছু ইউনিটের আইটেম সংখ্যা প্রায় শতাধিক হয়ে থাকে। ই-জিপি পদ্ধতিতে প্যাকেজ সংখ্যা শতাধিক হলে জটিলতা সৃষ্টি হয়। ফলে উক্ত টেন্ডারসমূহ ফ্রেমওয়ার্ক পদ্ধতিতে করা হয়।<br>৩. পুলিশ অধিদপ্তরের ট্রান্সপোর্ট, ইকুইপমেন্ট, আর্মস অ্যান্ড অ্যামুনিশন এবং টিঅ্যান্ডআইএম, এসবি, সিআইডিসহ বড় ইউনিটে আন্তর্জাতিক টেন্ডার করা হয়। সিপিটিইউ-তে আন্তর্জাতিক টেন্ডারের ব্যবস্থা না থাকায় আন্তর্জাতিক টেন্ডার ই-জিপি পদ্ধতিতে সম্পন্ন করা হয় না। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | যে সকল ইউনিটে ই-টেন্ডার কার্যক্রম শুরু করেনি, সে সকল ইউনিটকে জরুরি ভিত্তিতে ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করার জন্য User ID & Password বরাদ্দ প্রদান করা হচ্ছে এবং ই-টেন্ডারিং বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।<br>বিজিবি<br>বিজিবিতে গত ২২ জানুয়ারি ২০১৮ তারিখ হতে ই-টেন্ডারিং এর মাধ্যমে টেন্ডার কার্যক্রম শুরু করা হয়েছে। গত ২০১৮-২০১৯ অর্থ বছরে বিজিবি'র বিভিন্ন খাতে বরাদ্দকৃত বাজেট দ্বারা ক্রয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অধিকাংশ ক্রয়ের পূর্বানুমোদন বিলম্বে প্রাপ্তির কারণে ই-টেন্ডারিং করা সম্ভব হয়নি। বিজিবি'র ই-টেন্ডারিং এর মাধ্যমে টেন্ডার কার্যক্রমের প্রতিবেদন ছক আকারে সংযুক্ত করা হলো **(পরিশিষ্ট-ঝ)**<br>কোস্ট গার্ড<br>বাংলদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় বিষয়ক কার্যক্রম সম্পাদনের ই-টেন্ডরের মাধ্যমে চালু করা হয়েছে। অত্র সংস্থায় প্রযোজ্য ক্ষেত্রে শতভাগ ই-টেন্ডার পরিকল্পনা গ্রহন করার চেষ্টা অব্যহত রয়েছে। এর পরিসংখ্যান ছক আকারে সংযুক্ত করা হলো **(পরিশিষ্ট-ঝ)**। | |
| ৪.৫ | **ব্যাটালিয়ন আনসার আইন ২০১৮ প্রণয়ন**<br>ব্যাটালিয়ন আনসার আইন ২০১৭ ,এর খসড়া প্রণয়নের পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরামর্শের আলোকে আইন ও বিচার বিভাগের সাথে যোগাযোগ পূর্বক মতামত সংগ্রহের কার্যক্রম তরান্বিত করতে হবে। | বর্ণিত নির্দেশনা বিবেচনায় রেখে সংশ্লিষ্ট বিষয়সমূহ সন্নিবেশিত করে আনসার ও ভিডিপি অধিদপ্তর হতে প্রাপ্ত 'আনসার ব্যাটালিয়ন আইন-২০১৭এর খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) মহোদয়ের সভাপতিত্বে একটি যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়।<br>সম্মানিত সদস্যদের সুচিন্তিত মতামতের ভিত্তিতে প্রনীত 'আনসার ব্যাটালিয়ন আইন-২০১৮'এর খসড়ার উপর মতামত প্রদানের জন্য ০৫/০৭/২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ২০/০৯/২০১৮ তারিখে খসড়া আইনটি উপর মতামত প্রদান করে এবং কিছু ধারার উপর আইন ও বিচার বিভাগের মতামত নেয়ার জন্য পরামর্শ প্রদান করে।<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরামর্শের প্রেক্ষিতে ২৯/১০/২০১৮ তারিখে আইন ও বিচার বিভাগের মতামতের জন্য প্রেরণ করা হয়। ২০/১২/২০১৮ তারিখে আইন ও বিচার বিভাগের মতামত পাওয়া যায়।<br>জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে 'আনসার ব্যাটালিয়ন আইন, ২০১৯' এর খসড়া অধিকতর সংশোধনপূর্বক ০৮/০৯/২০১৯ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে নতুনভাবে প্রণীত পূর্ণাঙ্গ আইনের খসড়ার উপর মন্ত্রিসভার নীতিগত অনুমোদন নেয়ার পরামর্শ প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে। | আনসার ও ভিডিপি অধিদপ্তর / আনসার ও অনুবিভাগ সীমান্ত **সংশ্লিষ্ট কমিটি** |
| ৪.৬ | **বিভিন্ন বাহিনীতে কর্মরত সদস্য চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে/গুরুতর আহত হয়ে স্থায়ীভাবে অক্ষম হলে তাকে আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত অভিন্ন নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে :**<br>এই বিষয়ে চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ করার জন্য পুলিশ, বিজিবি, আনসার ও কোস্টগার্ড অধিদপ্তরকে তাগিদ দিতে হবে। | বাংলাদেশ পুলিশ, আনসার, বিজিবি ও কোস্টগার্ড সদস্যদের মৃত্যু বা অক্ষমতাজনিত কারণে আর্থিক অনুদান প্রদান বিষয়ে একটি Comprehensive নীতিমালার খসড়া প্রণয়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ নীতিমালাটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১১/০২/২০১৯ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে বিদ্যমান আইনটি যুগোপযোগী ও চূড়ান্ত সংশোধনের পর এ আলোকে নীতিমালা প্রণয়ন করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। | সংশ্লিষ্ট কমিটি/ আইন-২ |

| | | | |
|---|---|---|---|
| ৪.৭ | **মংলা বন্দর (ক) থানা স্থাপন:**<br>এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে ফলোআপ করতে হবে। | বাগেরহাট জেলাধীন মংলা বন্দর থানা নামে একটি থানা স্থাপনের বিষয়টি বিবেচনার সুবিধার্থে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপনযোগ্য, মূল থানা এলাকার মোট তদন্তকেন্দ্র, ফাঁড়ি ও ক্যাম্পের সংখ্যা, মূল থানা থেকে প্রস্তাবিত থানার দূরত্ব, মূল থানা এবং প্রস্তাবিত থানার নিকটবর্তী তদন্ত কেন্দ্র, ফাঁড়ি এবং ক্যাম্প (যদি থাকে) এর দুরত্ব চিহ্নিত সুস্পষ্ট নির্দেশকসহ পঠনযোগ্য মানচিত্র প্রেরণের জন্য পুলিশ অধিদপ্তরকে গত ০৬/১০/২০১৯ তারিখে অনুরোধ করা হয়েছে। | পুলিশ শাখা/৩-পুলিশ অধিদপ্তর |
| ৪.৮ | PSTN কে LI Compliance এর আওতার্ভুক্ত করণের লক্ষ্যে সংগৃহিত অর্থ ছাড়করণ :<br>পরবর্তী বোর্ড সভা অনুষ্ঠিত হওয়ার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে যোগাযোগ অব্যাহত রেখে বিষয়টি ফলোআপ করতে হবে। | BTCL এর ১৬৬ তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক কর্মসম্পাদনের ও চাহিত অর্থের বিস্তারিত বিভাজন চেয়ে BTCL কর্তৃক তারিখে ৩০-০৪-২০১৮ NTMC হতে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে NTMC হতে কর্মসম্পাদনের ও চাহিত অর্থের বিস্তারিত বিভাজন ১০-০৭-২০১৯ তারিখে BTCL বরাবর প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে BTCL সাথে যোগাযোগ রাখা হচ্ছে। | পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ/ এনটিএমসি অধিশাখা |
| ৪.৯ | **জাতীয় ইলেকট্রনিক যোগাযোগ নিরাপত্তা আইন:এর খসড়া ২০১৭ ,**<br>জাতীয় ইলেকট্রনিক যোগাযোগ নিরাপত্তা আইন' ২০১৯ এর খসড়া চূড়ান্ত লক্ষ্যে ১৭/০৬/২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এনটিএমসি'র কার্যাদি পরিচালনার জন্য নতুন আইন না কি বিধিমালা হবে তা সরকারের উচ্চ পর্যায়ের সাথে আলোচনা করে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনটিএমসি'র জন্য বিধিমালা প্রণয়নের লক্ষ্যে ০১-০৯-২০১৯ তারিখে অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) মহোদয়কে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে এনটিএমসি'র একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে অত্র সংস্থা হতে কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পিএসসিকে প্রতিনিধি হিসেবে মনোনয়ন পূর্বক পত্র প্রেরণ করা হয়েছে। | পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ/ এনটিএমসি অধিশাখা |
| ৪.১০ | এনটিএমসি: র নিয়োগ বিধিমালা'<br>এনটিএমসি'র নিয়োগ বিধিমালাটি আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং হয়েছে। চুড়ান্তকৃত খসড়া প্রজ্ঞাপনে সচিব মহোদয় কর্তৃক সদয় স্বাক্ষর এবং এসআরও জারীর মাধ্যমে গেজেটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ছায়ানথি পুনরায় প্রেরণ করার জন্য কার্যক্রম অব্যহত রয়েছে। | এনটিএমসি'র নিয়োগ বিধিমালাটি আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং হয়েছে। কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" চূড়ান্তকৃত প্রজ্ঞাপনে সচিব মহোদয় কর্তৃক সদয় স্বাক্ষর এর জন্য নথি উপস্থাপন করা হয়েছে। এসআরও জারীর মাধ্যমে গেজেটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ছায়ানথি পুনরায় প্রেরণ করার জন্য কার্যক্রম অব্যহত আছে। | পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ/ এনটিএমসি অধিশাখা |
| ৪.১১ | **(ক) বিসিএস (আনসার) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০ সংশোধন। (খ) বিসিএস (আনসার) নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর সংশ্লিষ্ট তফসিল সংশোধন প্রসঙ্গে :**<br>জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ করে বিষয়টি তরান্বিত করতে হবে। | এ বিষয়ে গত ২০/০১/১৯ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ২৪টি পদের বিপরীতে জনপ্রশাসন ও অর্থ বিভাগের সম্মতি সংক্রান্ত জি.ও, পৃষ্ঠাংকিত জি.ও সমন্বয়পূর্বক পদভিত্তিক আলাদা ফোল্ডারে প্রেরণের জন্য বলা হলে আনসার ও ভিডিপি অধিদপ্তর ০৬/০৫/২০১৯ তারিখে উল্লেখিত ২৪টি পদের ভূতাপেক্ষ সম্মতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করেছে। প্রস্তাবটি ২৭/০৮/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ভূতাপেক্ষ সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। অধিকন্তু অনুবিভাগ থেকে ব্যক্তিগত ভাবে যোগাযোগ করা হচ্ছে। | আনসার ও ভিডিপি অধিদপ্তর/ আনসার ও সীমান্ত অনুবিভাগ |
| ৪.১২ | **অধিদপ্তরসমূহের অডিট আপত্তির তুলনামূলক চিত্র :** | অধিদপ্তর/দপ্তর সংস্থাসমূহের অডিট আপত্তির তালিকা **পরিশিষ্ট-গ** তে দেখানো হলো। | অনুবিভাগসমূহ/ অধিদপ্তর/ সংস্থা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | * অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে।<br><br>* অডিট আপত্তির টাকার পরিমান যাচাই করে দেখতে হবে।<br><br>* নিষ্পত্তিকৃত আপত্তির টাকার পরিমান উল্লেখিত করতে হবে। | <u>পুলিশ অধিদপ্তর :</u><br>**সেপ্টেম্বর-২০১৯** মাস পর্যন্ত ২০৭৩টি অডিট আপত্তি পেন্ডিং আছে, জড়িত টাকার পরিমান ৮৬৫,৫৯,০১,২৩২/ টাকা-মাত্র। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br><u>আনসার ও ভিডিপি অধিদপ্তর :</u><br>সেপ্টেম্বর-২০১৯ মাস পর্যন্ত **১১টি** অডিট আপত্তি পেন্ডিংআছে, জড়িত টাকার পরিমান ২৯,০৪,২৬,৫৩৯.৪৫/-টাকা মাত্র। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br><u>এনটিএমসি:</u><br>অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব সিভিল অডিট অধিদপ্তর প্রেরণ করা হয়েছে। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির করা হয়েছে।<br><u>কোস্টগার্ড:</u><br>সেপ্টেম্বর-২০১৯ মাস পর্যন্ত ৩৪টি অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখা হয়েছে।<br><u>বিজিবি:</u><br>জুলাই,২০১৯ মাসে বিজিবির ৩১টি অডিট আপত্তি রয়েছে। জড়িত টাকার পরিমান ১২৩,৮৬,৪১৫৩৮.৪৪/- **টাকা মাত্র**। সভার সিদ্ধান্ত অনুযায়ী অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | |
| ৪.১৩ | **অধিদপ্তরসমূহের পেনশন কেইসের তুলনামূলক চিত্র:**<br>পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | অধিদপ্তরসমূহের পেনশন কেইসসমূহের তুলনামূলক চিত্র (পরিশিষ্ট-ঘ)-এ উপস্থাপন করা হলো। | অধিদপ্তর/ সংস্থা (সকল) |
| ৪.১৪ | মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি মাসিক ভিত্তিতে প্রতি মাসের ০২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন (পরিশিষ্ট-'ঙ')-এ উপস্থাপন করা হলো। | অধিদপ্তর/সংস্থা /(সকল)অনুবিভাগ (সকল) |
| ৪.১৫ | জনবল সংক্রান্ত :<br>জনবল সংক্রান্ত তথ্যাদি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | তুলনামূলক চিত্র (পরিশিষ্ট-চ)-তে দেখানো হলো। | অধিদপ্তর/ সংস্থা /(সকল) অনুবিভাগ (সকল) |
| ৪.১৬ | শূণ্য পদের বিন্যাস :<br>শূন্য পদসমূহ নিয়োগের মাধ্যমে পূরণ করতে হবে। | তুলনামূলক চিত্র (পরিশিষ্ট-ছ)-তে দেখানো হলো। | |

৫.০ এ পর্যায়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সকল কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

## জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ই-টেন্ডার এর পরিসংখ্যান(পরিশিষ্ট-'ক')

| বিবেচ্যমাস | সংস্থার নাম | মোট টেন্ডারের সংখ্যা | ই-টেন্ডার এর সংখ্যা | ই-টেন্ডারের শতকরা হার | টেন্ডারিং-এ মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং-এ জড়িত অর্থের পরিমান | গতমাসেই-টেন্ডারের সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/ ২০১৯ | পুলিশ অধিদপ্তর | ৮১ | ৬০ | ৭৪.০৭% | ২০৭,০০,২৪,৭০৫.০০ | ১৯৯,৩৭,৯০,০০০.০০ | আগস্ট/২০১৯ ই-টেন্ডার ৫টি ও শতকরা হার ৭১.৪৩ % | - |
| | বর্ডার গার্ড বাংলাদেশ | ১৪ | - | - | ২৮.১৯.৩৩.৮৮৪/- | - | - | - |
| | আনসার-ভিডিপি অধিদপ্তর | ৭১ | ১৩ | ১৭% | ৩১১,২১,৫০,৭২৮.৩৮ | ৬,৩৭,৫২,০২৭.৩৮ | - | - |
| | বাংলাদেশ কোস্ট গার্ড | - | - | - | - | - | - | - |
| | এনটিএমসি | ০৫ | ০৩ | ৬০% | ১০,২০,৫০০.০০ | ১৭,৬৩,৬৭২.০০ | - | - |
| | তদন্ত সংস্থা | - | - | - | - | - | - | |

## পেন্ডিং বিষয়াদির তুলনামূলক চিত্র (পরিশিষ্ট-'খ')

| অধিদপ্তর/ সংস্থার নাম | ১ মাসের অধিক পেন্ডিং (আগস্ট/১৯) | ০১ মাসের অধিক পেন্ডিং (সেপ্টেম্বর/১৯) | পূর্ববর্তী মাসের তুলনায় বৃদ্ধি (+) বা হ্রাসের (-) সংখ্যা |
|---|---|---|---|
| পুলিশ | ৬৮ | | -১২ |
| বিজিবি | ৫৬ | ৫৪ | -২ |
| আনসার-ভিডিপি | ১১ | ১১ | - |
| কোস্ট গার্ড | | | - |
| এনটিএমসি | ১৪ | ১২ | -১ |
| তদন্ত সংস্থা | ০৩ | ০৩ | - |
| মোট = | | | |

## অধিদপ্তর সমূহের অডিট আপত্তির তুলনামূলক চিত্র (পরিশিষ্ট-'গ')

| অধিদপ্তর/সংস্থার নাম | পেন্ডিং অডিট আপত্তি (আগস্ট/১৯) | পেন্ডিং অডিট আপত্তি (সেপ্টেম্বর/১৯) | দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় অডিট কমিটির সুপারিশের সংখ্যা ও অর্থের পরিমান | | পূর্ববর্তী মাসের তুলনায় নিষ্পত্তি বৃদ্ধি(+) বা হ্রাস(-) |
|---|---|---|---|---|---|
| | | | অডিটের সংখ্যা | টাকার পরিমান (কোটি টাকায়) | |
| পুলিশ | ২০৭৩ | | ১১৬৬ | | -১৩৩ |
| বিজিবি | ৩১ | | - | - | - |
| আনসার-ভিডিপি | ১১ | | ১১ | - | - |
| কোস্ট গার্ড | ১২৪ | ১৫৫ | | - | ৩১ |
| এনটিএমসি | - | | - | - | - |
| মোট = | | | | | |

## পেনশন কেইসের তুলনামূলক চিত্র (পরিশিষ্ট-'ঘ')

| অধিদপ্তর/সংস্থার নাম | পেন্ডিং পেনশন কেইস (জুলাই/১৯) | পেন্ডিং পেনশন কেইস (আগস্ট/১৯) | পূর্ববর্তী মাসের তুলনায় পেনশন কেইসের বৃদ্ধি(+) বা হ্রাস (-) |
|---|---|---|---|
| পুলিশ | ০১ | - | - |
| বিজিবি | ০২ | ০২ | - |
| আনসার-ভিডিপি | - | - | - |
| কোস্ট গার্ড | ০০ | | - |
| এনটিএমসি | ০০ | | - |
| মোট = | ০৩ | | |

**মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বর্তমান পর্যায়**
**৭ জানুয়ারি ২০১৯ – ৩০ জুন ২০১৯**

৭ জানুয়ারি ২০১৯ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে ১০টি সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব জননিরাপত্তা বিভাগের ওপর ন্যস্ত করা হয়। তন্মধ্যে ১০ জুলাই ২০১৯ পর্যন্ত ৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ০৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রঃনং | বাস্তবায়নাধীন সিদ্ধান্ত | অধ্যাদেশ/আইন | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | মসবৈ-২(১)/২০১৯,তারিখ-২৮/১/২০১৯<br><br>বিষয়ঃ মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৮ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন।<br><br>সিদ্ধান্ত :<br><br>৮.৫। গত ১৪ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে ১৫ আগস্ট ১৯৭৫ হইতে ৯ এপ্রিল ১৯৭৯ পর্যন্ত এবং ২৪ মার্চ ১৯৮২ হইতে ১১নভেম্বর ১৯৮৬ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা বিবেচনা করিয়া প্রযোজ্য সংশোধন, পরিমার্জন ও রহিতক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিবার যে নির্দেশনা প্রদান করা হইয়াছিল, তৎপরিপ্রেক্ষিতে যে সকল মন্ত্রণালয়/বিভাগে অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পন্ন রহিয়াছে সেইগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ দ্রুত পদক্ষেপ গ্রহণ করিবেন। ইহা ছাড়া উপর্যুক্ত সময়কালে জারিকৃত সামরিক ফরমান-বলে কোনো মন্ত্রণালয়/বিভাগের কার্যপরিধিভুক্ত কোনও বিষয়ে প্রণীত বিধিমালা কার্যকর রাখা অত্যাবশ্যক বলিয়া বিবেচ্য হইলে মন্ত্রণালয়/বিভাগসমূহ তাহা অনতিবিলম্বে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সঙ্গে পরামর্শক্রমে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিমার্জনপূর্বক পুনঃপ্রণয়নের ব্যবস্থা গ্রহণ করিবে। | (১) The Dhaka Metropolitan Police Ordinace, 1976<br><br>(২) The Chittagong Metropolitan Police Ordiance, 1978<br><br>(৩) The Khulna Metropolitan Police Ordiance, 1985 | গত ১৪/১১/২০১৮ খ্রি. তারিখে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ইংরেজি ভাষায় প্রণীত (১) The Dhaka Metropolitan Police Ordinace, 1976 (২) The Chittagong Metropolitan Police Ordiance, 1978 (৩) The Khulna Metropolitan Police Ordiance, 1985পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বাংলায় রূপান্তরসহ বাংলা ভাষায় প্রণীত (১) রাজশাহী মহানগরী পুলিশ আইন, ১৯৯২ (২) সিলেট মহানগরী পুলিশ আইন, ২০০৯ (৩) বরিশাল মহানগরী পুলিশ আইন, ২০০৯ (৪) গাজীপুর মহানগরী পুলিশ আইন, ২০১৮ এবং (৫) রংপুর মহানগরী পুলিশ আইন, ২০১৮ পর্যালোচনাপূর্বক যুগোপযোগী হিসেবে প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধনীপূর্বক সমগ্র মেট্রোপলিটন এলাকার জন্য একটি একক ও অভিন্ন আইন তথা "মহানগর পুলিশ আইন, ২০১৯" এর খসড়া গত ১৫/১০/২০১৯ খ্রি. তারিখে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ মহোদয়ের নিকট দাখিল করা হয়েছে। |
| | | (৪) The Police (Non-Gazetted Emplyees) Welfare Ordinanc, 1986 | বাংলায় খসড়া চূড়ান্ত করা হয়েছে। আগামী ২৩/১০/২০১৯ খ্রি. তারিখে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। |
| ৩ | মসবৈ-১১(৬)/২০১৯,তারিখ-১৭/৬/২০১৯<br><br>বিবিধ বিষয়-৩: সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহকে আইন আকারে প্রণয়ন এবং ব্রিটিশ ও পাকিস্তান আমলে আইনসমূহকে যুগোপযোগী করিয়া বাংলা | (৫) The Police Officers (Special Provisions) Ordinance, 1976 | বাংলায় খসড়া চূড়ান্ত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) হতে "পুলিশ অফিসার্স (বিশেষ বিধান) আইন, ২০১৯" এর খসড়াটি প্রমিতীকরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় কমিটির মতামতের জন্য গত ০৬/১০/২০১৯ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| ৪ | ভাষায় নুতনভাবে প্রণয়নের উদ্যোগ গ্রহণ।<br>সিদ্ধান্ত :<br>৩০.১। সামরিক শাসনমলে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা বিবেচনা করিয়া ঐগুলি প্রযোজ্য সংশোধন, পরিমার্জন ও রহিতক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দ্রুত পদক্ষেপ গ্রহণ করিবেন।<br>মসবৈ-১১(৬)/২০১৯,তারিখ-১৭/৬/২০১৯<br>বিবিধ বিষয়-৩: সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহকে আইন আকারে প্রণয়ন এবং ব্রিটিশ ও পাকিস্তান আমলে আইনসমূহকে যুগোপযোগী করিয়া বাংলা ভাষায় নুতনভাবে প্রণয়নের উদ্যোগ গ্রহণ।<br>৩০.২। মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক স্ব স্ব মন্ত্রণালয়ের আওতাধীন ব্রিটিশ ও পাকিস্তান অধমলে ইংরেজি ভাণায় প্রণীত আইনসমূহ প্রয়োজনীয় পরিবর্তন ও সংশোধনক্রমে বাংলা ভাষায় প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে। | (৬) The Armed Police Battalions Ordinance, 1979 | কমিটি কর্তৃক বাংলা প্রণয়নের লক্ষ্যে কার্যক্রম চলমান। |
| | | (৭) The Police (Incitement to Disaffection) Act, 1922 | The Police (Incitement to Disaffection) Act, ১৯২২ এর বাংলায় রূপান্তরিত খসড়া 'পুলিশ (বিদ্রহে উসকানি) আইন, ২০১৯' প্রণয়নের লক্ষ্যে ২৫/০৮/২০১৯ খ্রি. তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের আন্তঃমন্ত্রণালয় কমিটি'তে মতামত গ্রহণের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| | | (৮) The Police Act, 1861 | বাংলায় খসড়া প্রণয়নের কার্যক্রম চলমান। |

<u>**কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (পরিশিষ্ট-চ)**</u>

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| জননিরাপত্তা বিভাগ | ১৯৯ | ১৩৫ | ৬৪ | |
| পুলিশ অধিদপ্তর | ২১২০০৭ | ১৯৫৭৪২ | ১৬২৬৫ | |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ৫৪১৪২ | ৫২২৪০ | ১৯০২ | |
| আনসার ও ভিডিপি অধিদপ্তর | ২০৭৮০ | ১৮৪৩১ | ২৩৪৯ | |
| বাংলাদেশ কোস্টগার্ড | ৪৭৭৬ | ২৯৫২ | ১৮২৪ | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ৪৪ | ২১ | ২৩ | ০৮ জন কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বদলীকৃত এবং ১৩ জন ৪র্থ শ্রেনীর কর্মচারী এনটিএমসির নিজস্ব বব্যস্থাপনায় (আউট সোসিং) হিসেবে ভর্তিকৃত। |
| তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল | ২৮৯ | ১৭৮ | ১১১ | |
| মোট = | ২৯২২৩৭ | ২৬৯৬৯৯ | ২২৫৩৮ | |

## শূন্য পদের বিন্যাস (পরিশিষ্ট-ছ)

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অতিরিক্ত/যুগ্মসচিব /তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| জননিরাপত্তা বিভাগ | ০০ | ০০ | ০৮ | ৩১ | ১৩ | ১২ | ৬৪ |
| পুলিশ অধিদপ্তর | ৫ | ২৩ | ৭৯৩ | ২০১৯ | ১২৪৫৯ | ৯৬৬ | ১৬২৬৫ |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ০০ | ০০ | ৬৯৮ | ৩০ | ১১০৩ | ৭১ | ১৯০২ |
| আনসার ও ভিডিপি অধিদপ্তর | ০১ | ৫৯ | ১০২ | ৪৪২ | ১৬৯৬ | ৪৯ | ২৩৪৯ |
| বাংলাদেশ কোস্টগার্ড | ০৭ | ০০ | ৩০৮ | ১০৭ | ১৩৪৪ | ৫৮ | ১৮২৪ |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ০০ | ০০ | | ০১ | ০৭ | ০০ | ২৩ |
| তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল | ০০ | ০০ | ১৮ | ২৬ | ৪৯ | ১৮ | ১১১ |
| মোট = | ১৩ | ৮২ | ১৯৪২ | ২৬৫৬ | ১৬৬৭১ | ১১৭৪ | ২২৫৩৮ |

## ই-টেন্ডরিং এর মাধ্যমে টেন্ডার কার্যক্রমের প্রতিবেদন (পরিশিষ্ট-জ

বিজিবি

| বিবেচ্য মাস | মোট টেন্ডারের সংখ্যা | ই-টেন্ডার এর সংখ্যা | ই-টেন্ডার এর শতকরা হার | টেন্ডারিং এর মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং এ জড়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মার্চ ২০১৮ | ১৬টি | ০১ | ৬.২৫% | ২৬,৫৯,৮৩,৯৪৫/- | ৭৮,০০,০০০/- | |
| এপ্রিল ২০১৮ | ০৪টি | - | - | ৯১,৫০,১২,৫৭৫/- | - | |
| মে ২০১৮ | ১৩টি | - | - | ১৩৫,০০,৪৫,৫২০/- | | |
| জুন ২০১৮ | - | ০১ | - | - | ৭৭,৯৬,৫০০/- | |
| জুলাই ২০১৮ | - | - | - | - | - | |
| আগস্ট ২০১৮ | - | - | - | - | - | |
| সেপ্টেম্বর ২০১৮ | - | - | - | - | - | |
| অক্টোবর ২০১৮ | ০৭ | ০৪ | ৫৭.১৪% | ৫৫,২২,৭,৩০০/- | ৫৯,৫০,০০০/- | |
| নভেম্বর ২০১৮ | ১৩ | - | - | ৮০,৯২,৫২,০২১/- | - | |
| ডিসেম্বর ২০১৮ | ৯৬ | - | - | ২,৫২১,৬৭৮,৪১৮/- | - | |
| জানুয়ারি ২০১৯ | ১৯ | - | - | ৯,১৬,৪২,১৭৫/- | - | |
| ফেব্রুয়ারি ২০১৯ | ০৬ | - | - | ২,০৫,৩২,২৮৮/- | - | |
| মার্চ ২০১৯ | ০৬ | ০১ | ২৪% | ২০,৩৫,৫৭,৫২৫.৬৩ | ৩,২৫,৬০,০০০/- | |
| এপ্রিল ২০১৯ | ০৪ | ০১ | ২৫% | ১৮,৭৮,০৪,৭৮৬.৬৩/- | ৩,২৫,৬০,০০০.০০/- | |
| মে ২০১৯ | ১৩ | ০১ | ৭.৬৯ | ১০০,৮২,২৩,৮৪৫/- | ৩,২৫,৬০,০০০/- | |
| জুন ২০১৯ | - | - | - | - | - | |
| জুলাই ২০১৯ | ০৩ | - | - | ৩,৫৪,০৪,৮৭৭/- | - | |

কোস্ট গার্ড

| বিবেচ্য মাস | মোট টেন্ডারের সংখ্যা | ই-টেন্ডার এর সংখ্যা | ই-টেন্ডার এর শতকরা হার | টেন্ডারিং এর মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং এ জড়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| জুলাই ২০১৮ | ০১টি | - | - | ৭,২০,০০০/০০ | - | |
| আগস্ট ২০১৮ | - | - | - | - | - | |
| সেপ্টেম্বর ২০১৮ | ০২টি | ০২টি | ১০০% | ২০,০০,০০,০০০/০০ | ২০,০০,০০,০০০/০০ | |
| অক্টোবর ২০১৮ | ০৯ট | ০৭টি | ৭৭.৭৭% | ১,৬৪,১৭,৮৯৩/৯৯ | ৫৪,৫২,৬১৫/৯৯ | |
| নভেম্বর ২০১৮ | - | - | - | - | - | |
| ডিসেম্বর ২০১৮ | ০২টি | ০২টি | ১০০% | ৪৪০,০০,০০,০০০/০০ | ৪৪০,০০,০০,০০০/০০ | |
| জানুয়ারি ২০১৯ | ০৬টি | ০৫টি | ৮৩% | ৪৩,৬০,৪৯০/০০ | ৩৮,৬৯,৭৯০/০০ | |
| ফেব্রুয়ারি ২০১৯ | ০৫টি | ০৪টি | ৮০% | ৪,৮৭,৭৫০/০০ | ৪৪০,০০,০০,০০০/০০ | |
| মার্চ ২০১৯ | ০২টি | ০২টি | ১০০% | ১৫,০৭,০০,০০০/০০ | ১৫,০৭,০০,০০০/০০ | |
| এপ্রিল ২০১৯ | ০১টি | - | - | ৪,৯৬,৩০০ | - | |
| মে ২০১৯ | ০২টি | - | - | ১১,৪০,২০০/০০ | - | |
| জুন ২০১৯ | ০১টি | - | - | ৪৬,৯০,০০০/০০ | - | |
| জুলাই ২০১৯ | - | - | - | - | - | |

আনসার ও ভিডিপি অধিদপ্তরের

| বিবেচ্য মাস | মোট টেন্ডার সংখ্যা | ই-টেন্ডার সংখ্যা | ই-টেন্ডারের শতকরা হার | টেন্ডারিং-এ মোট অর্থের পরিমান | ই-টেন্ডারিং-এ জড়িত অর্থের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| আগষ্ট'১৮ | - | - | - | - | - | |
| সেপ্টেম্বর'১৮ | ৭ | - | - | ৬৪,৬৮,৯৯,০৭০.০০ | - | |
| অক্টোবর'১৮ | ৮ | - | - | ২৫,৬৮,০০,০০০.০০ | - | |
| নভেম্বর'১৮ | ৬ | - | - | ৪,৪১,৫২,৩৪৯.০০ | - | |
| ডিসেম্বর'১৮ | ১০ | - | - | ১৬৭,০৪,৬৪,৯১০.০০ | - | |
| জানুয়ারী'১৯ | ৯ | ৪ | ৫% | ৬,১২,২০,৬৭০.০০ | ২,৭০,১৫,৭৫৮.০০ | |
| ফেব্রুয়ারী'১৯ | ১০ | ৬ | ৮% | ৫,৩২,১৩,৯৪২.০৭ | ২,৬১,৯৮,১৮৪.০৭ | |
| মার্চ'১৯ | ৮ | - | - | ১৮,০৯,৯৪,২১৬.০০ | - | |
| এপ্রিল'১৯ | ৩ | - | - | ২,৫০,৫৪,৫৯৬.০০ | - | |
| মে'১৯ | ১০ | ৩ | ৪% | ২৭,৪৭,০৭,৭৯৫.৩১ | ১,০৫,৩৮,০৮৫.৩১ | |
| জুন'১৯ | ৭ | - | - | ৫৪,৫৫,৪২,২৫০.০০ | - | |
| জুলাই'১৯ | - | - | - | - | - | |
| মোট= | ৭৮ | ১৩ | ১৭% | ৩৭৫,৯০,৪৯,৭৯৮.৩৮ | ৬,৩৭,৫২,০২৭.৩৮ | |

এনটিএমসি

| বিবেচ্য মাস | মোট টেন্ডারের সংখ্যা | ই-টেন্ডার এর সংখ্যা | ই-টেন্ডার এর শতকরা হার | টেন্ডারিং এর মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং এ মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং এ জড়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অক্টোবর ২০১৮ | - | ০৪ | ০২ | ৫০% | ৪২,১০,৭০০.০০ | ২০,৮২,০০০.০০ | |
| নভেম্বর ২০১৮ | - | ০৬ | ০৪ | ৬৭% | ২১,২৮,৭০০.০০ | ২০,০০,০০০.০০ | |
| ডিসেম্বর ২০১৮ | - | ০২ | - | - | ২,২৮০,১০০.০০ | - | |
| জানুয়ারি ২০১৯ | - | ০৪ | ০৩ | ৭৫% | ২০,৬৪,২৮৫.০০ | ১৪,৮৮,৪৩৫.০০ | |
| ফেব্রুয়ারি ২০১৯ | - | - | - | - | - | - | |
| মার্চ ২০১৯ | - | - | - | - | - | - | |
| এপ্রিল ২০১৯ | - | - | - | - | - | - | |
| মে ২০১৯ | - | - | - | - | - | - | |
| জুন ২০১৯ | - | - | - | - | - | - | |
| জুলাই ২০১৯ | - | - | - | - | - | - | |
| আগস্ট ২০১৯ | - | ০২ | ০২ | ১০০% | ১৬,৭৫,৯৯৬.০০ | ১৬,৭৫,৯৯৬.০০ | |
| সেপ্টেম্বর ২০১৯ | - | ০৫ | ০৩ | ৬০% | ১০,২০,৫০০.০০ | ১৭,৬৩,৬৭২.০০ | |